# আনসার ব্যাটালিয়নে যোগ দিন
# দেশ সেবা ও জননিরাপত্তায় অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৫.১২.০০৫.১৮-১৫৬; তারিখঃ ০৩ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০১৮ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সুশৃঙ্খল, দক্ষ ও কর্মঠ **'ব্যাটালিয়ন আনসার'** সদস্যগণ পার্বত্য চট্টগ্রাম এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর সাথে অপারেশন উত্তরণ এবং সমতল এলাকায় রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা বিধানসহ অন্যান্য বাহিনীর সাথে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত থাকে।

২। বাহিনীর ১০০০টি অস্থায়ী ব্যাটালিয়ন আনসারের শূন্য পদ (শুধুমাত্র পুরুষ) পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী পুরুষ প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদেরকে অনলাইনে আবেদন করতে হবে। নিম্নছকে বর্ণিত জেলাসমূহের পাশে উল্লেখিত শূন্য কোটায় বাছাই ও অংগীভূত করা হবে। উল্লেখ্য, নিয়োগকৃত ব্যাটালিয়ন আনসার সদস্যদেরকে ০৬ (ছয়) বছর সন্তোষজনক চাকরি সমাপনান্তে স্থায়ী করা হবে। উপযুক্ত আগ্রহী প্রার্থীদেরকে নির্ধারিত স্থান ও তারিখে সময়সূচি অনুযায়ী বাছাই কমিটির নিকট শারীরিক যোগ্যতা ও প্রাথমিক বাছাইয়ের জন্য উপস্থিত থাকতে হবে (মোবাইলে SMS এর মাধ্যমে তারিখ এবং সময় জানিয়ে দেয়া হবে)। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের একই স্থানে এবং একই তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ০৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণের জন্য আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে যোগদান করতে হবে।

৩। জেলাভিত্তিক পদের সংখ্যা ও নির্বাচন কেন্দ্র ঃ

| ক্রঃ নং | জেলার নাম | জেলাভিত্তিক শূন্যপদ | নির্বাচন কেন্দ্রের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | **রাজশাহী** | ২০ | আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |
| ২. | জয়পুরহাট | ০৮ | -ঐ- | |
| ৩. | পাবনা | ১৮ | -ঐ- | |
| ৪. | সিরাজগঞ্জ | ২২ | -ঐ- | |
| ৫. | নওগাঁ | ১৮ | -ঐ- | |
| ৬. | নাটোর | ১২ | -ঐ- | |
| ৭. | চাঁপাইনবাবগঞ্জ | ১১ | -ঐ- | |
| ৮. | বগুড়া | ২৪ | -ঐ- | |
| ৯. | **রংপুর** | ২০ | -ঐ- | |
| ১০. | দিনাজপুর | ২১ | -ঐ- | |
| ১১. | গাইবান্ধা | ১৭ | -ঐ- | |
| ১২. | কুড়িগ্রাম | ১৪ | -ঐ- | |
| ১৩. | লালমনিরহাট | ১০ | -ঐ- | |
| ১৪. | নীলফামারী | ১৩ | -ঐ- | |
| ১৫. | পঞ্চগড় | ০৭ | -ঐ- | |
| ১৬. | ঠাকুরগাঁও | ১০ | -ঐ- | |
| ১৭. | **বরিশাল** | ১৬ | -ঐ- | |
| ১৮. | ভোলা | ১২ | -ঐ- | |
| ১৯. | ঝালকাঠী | ১০ | -ঐ- | |
| ২০. | পিরোজপুর | ১১ | -ঐ- | |
| ২১. | বরগুনা | ০৭ | -ঐ- | |
| ২২. | পটুয়াখালী | ১২ | -ঐ- | |
| ২৩. | **খুলনা** | ১৬ | আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | |

| ক্রঃ নং | জেলার নাম | জেলাভিত্তিক শূন্যপদ | নির্বাচন কেন্দ্রের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৪. | যশোর | ২০ | -ঐ- | |
| ২৫. | ঝিনাইদহ | ১২ | -ঐ- | |
| ২৬. | মাগুরা | ১০ | -ঐ- | |
| ২৭. | নড়াইল | ১০ | -ঐ- | |
| ২৮. | বাগেরহাট | ১০ | -ঐ- | |
| ২৯. | সাতক্ষীরা | ১৪ | -ঐ- | |
| ৩০. | চুয়াডাংগা | ০৮ | -ঐ- | |
| ৩১. | কুষ্টিয়া | ১৪ | -ঐ- | |
| ৩২. | মেহেরপুর | ১০ | -ঐ- | |
| ৩৩. | **ঢাকা** | ৪৩ | -ঐ- | |
| ৩৪. | গাজীপুর | ২৪ | -ঐ- | |
| ৩৫. | মানিকগঞ্জ | ১০ | -ঐ- | |
| ৩৬. | মুন্সিগঞ্জ | ১০ | -ঐ- | |
| ৩৭. | নারায়ণগঞ্জ | ২১ | -ঐ- | |
| ৩৮. | নরসিংদী | ১৫ | -ঐ- | |
| ৩৯. | ফরিদপুর | ১৩ | -ঐ- | |
| ৪০. | গোপালগঞ্জ | ১২ | -ঐ- | |
| ৪১. | মাদারীপুর | ১১ | -ঐ- | |
| ৪২. | রাজবাড়ী | ১০ | -ঐ- | |
| ৪৩. | শরীয়তপুর | ১০ | -ঐ- | |
| ৪৪. | কিশোরগঞ্জ | ২০ | -ঐ- | |
| ৪৫. | টাংগাইল | ২১ | -ঐ- | |
| ৪৬. | **ময়মনসিংহ** | ২৫ | -ঐ- | |
| ৪৭. | জামালপুর | ১৬ | -ঐ- | |
| ৪৮. | নেত্রকোনা | ১৬ | -ঐ- | |
| ৪৯. | শেরপুর | ১০ | -ঐ- | |
| ৫০. | **চট্টগ্রাম** | ৩৮ | -ঐ- | |
| ৫১. | কক্সবাজার | ১৬ | -ঐ- | |
| ৫২. | বান্দরবান | ০৫ | -ঐ- | |
| ৫৩. | রাংগামাটি | ০৬ | -ঐ- | |
| ৫৪. | খাগড়াছড়ি | ০৬ | -ঐ- | |
| ৫৫. | **কুমিল্লা** | ৩৮ | -ঐ- | |
| ৫৬. | বি-বাড়ীয়া | ২২ | ঐ | |
| ৫৭. | চাঁদপুর | ২৫ | -ঐ- | |
| ৫৮. | নোয়াখালী | ২২ | -ঐ- | |
| ৫৯. | ফেনী | ১৪ | -ঐ- | |
| ৬০. | লক্ষ্মীপুর | ১৫ | -ঐ- | |
| ৬১. | **সিলেট** | ২৪ | -ঐ- | |
| ৬২. | মৌলভীবাজার | ১৩ | -ঐ- | |
| ৬৩. | সুনামগঞ্জ | ১৭ | -ঐ- | |
| ৬৪. | হবিগঞ্জ | ১৫ | -ঐ- | |
| | **সর্বমোট ঃ** | **১০০০** | - | |

৪। **প্রার্থীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে ঃ**

| বয়স | বৈবাহিক অবস্থা | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | অগ্রাধিকার |
|---|---|---|---|---|
| ৩০-১১-২০১৮ খ্রিঃ তারিখে ১৮-২২ বছর। | অবিবাহিত (তালাকপ্রাপ্ত নয়)। | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | উচ্চতা (সর্বনিম্ন) ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ১.৬৭৬ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি) ও উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।<br>ওজন (ন্যূনতম) ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) ও উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড)।<br>বুকের মাপ ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ৮১.২৮-৮৬.৩৬ সে. মি. (৩২-৩৪ ইঞ্চি) এবং উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৬.২- ৮১.২৮ সে. মি. (৩০-৩২ ইঞ্চি)।<br>দৃষ্টিশক্তি ঃ ৬/৬।<br>কোন দুরারোগ্য ব্যাধি থাকলে প্রার্থীকে প্রাথমিক বাছাই-এ নির্বাচন করা হবে না। | অধিক উচ্চতা, তালিকাভুক্ত আনসার-ভিডিপি সদস্য ও ক্রীড়া ক্ষেত্রে অসামান্য কৃতিত্বের অধিকারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

৫। **অন-লাইন রেজিষ্ট্রেশন পদ্ধতি** ঃ

ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যেকোন অন-লাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd) এ **''ব্যাটালিয়ন আনসার পদের জন্য আবেদন''** লিংকে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত লিংকটি ১৯ অক্টোবর, ২০১৮ খ্রিঃ তারিখ হতে সক্রিয় হয়ে ৩০ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে। অন-লাইনে রেজিষ্ট্রেশনকালীন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা আবেদন পোর্টালে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে যা অফেরতযোগ্য। আবেদনকালে আবেদন দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যা হলে পরামর্শের জন্য ০১৮৪০১৯৭২০৭, ০১৬২৯৪৬৪২৮৯ এবং ০১৫৩৪৭২৬৫৩৫ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে অন-লাইন হতে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শণ করতে হবে।

৬। **সনদ/কাগজপত্র** ঃ লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে নির্বাচন কমিটির কাছে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে।

ক। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ পত্রের ফটোকপি।

খ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৬ কপি পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি (সামনে থেকে তোলা)।

গ। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।

ঘ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি।

ঙ। অভিভাবকের সম্মতিসূচক সনদপত্র যা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রতিস্বাক্ষরিত।

চ। প্রার্থী অবিবাহিত মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৭। শারীরিক যোগ্যতা, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

৮। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে কলম, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড সংগে আনতে হবে।

৯। **প্রাপ্য ভাতা ও সুযোগ সুবিধা** ঃ

ক। **চাকরিকালীন** ঃ

(১) **ভাতা (দৈনিক)** ঃ

| | দৈনিক/খোরাকী ভাতা | রেশন ভাতা | চিকিৎসা ভাতা | ঝুঁকি ভাতা | যাতায়াত ভাতা | ধোলাই ভাতা | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (ক) সমতল এলাকা | ৩৬২.৬৬ | ১০৪.০০ | ২২.০০ | ২০.০০ | ৫.০০ | ৩.০০ | ৫১৬.৬৬ |
| (খ) পাহাড়ী এলাকা | ৩৭৯.৩৩ | ১০৪.০০ | ২২.০০ | ২০.০০ | ৫.০০ | ৩.০০ | ৫৩৩.৩৩ |

(২) **উৎসব ভাতা** ঃ ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে বছরে ২টি উৎসব ভাতা।

(৩) **রেশন সামগ্রী** ঃ সরকার প্রদত্ত ভর্তুকিমূল্যে পারিবারিক রেশন প্রতি মাসে।

(৪) **চিকিৎসা** ঃ অংগীভূত 'ব্যাটালিয়ন আনসার' অসুস্থ হলে নিজের এবং পরিবারের আপন সদস্যদের সরকারী হাসপাতালের চিকিৎসা ব্যয় কর্তৃপক্ষ বহন করবে।

খ। **প্রশিক্ষণকালীন** ঃ দৈনিক ভাতা ১৫০/- টাকা এবং বিনামূল্যে চিকিৎসা সুবিধা।

গ। **অবসরকালীন** ঃ এক নাগাড়ে ৫ (পাঁচ) বৎসর সন্তোষজনক অংগীভূত থাকার পর সাধারণভাবে অবসর গ্রহণের সময় প্রতিবছর চাকরিকালের জন্য ২ মাসের সমপরিমান ভাতা (শুধুমাত্র দৈনিক/খোরাকী ভাতা) হিসেবে সর্বোচ্চ ১২ মাসের দৈনিকভাতা গ্রাচ্যুইটি হিসেবে এককালীন প্রাপ্য হবেন।

ঘ। **দূর্ঘটনাজনিত কারণে বিশেষ অনুদান** ঃ

**মৃত্যুজনিত কারণে ক্ষতিপূরণ ও পারিবারিক অনুদান** ঃ কর্তব্যরত অবস্থায় কোন ব্যাটালিয়ন আনসার নিহত হলে তার পরিবার নিম্নলিখিত হারে অনুদান পাবেন ঃ

(১) সকল ব্যাটালিয়ন আনসার সদস্যগণ কর্মরত অবস্থায় স্বাভাবিক মৃত্যুজনিত কারণে ৫০,০০০/- টাকা এবং দূর্ঘটনাজনিত মৃত্যুর কারণে দ্বিগুণ অর্থাৎ ১,০০,০০০/- টাকা জীবন বীমার সুযোগ বিদ্যমান।

(২) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত কোন ব্যাটালিয়ন আনসার সদস্য কর্তব্যরত অবস্থায় নিহত হলে তার পরিবারকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং গুরুতর আহত হলে তাকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আর্থিক অনুদান হিসেবে প্রদান করা হবে।

১০। **প্রশিক্ষণকাল** ঃ ০৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে সন্তোষজনকভাবে সমাপ্ত করতে হবে।

১১। **চাকরির মেয়াদ ০৬ (ছয়) বছর পূর্ণ হলে প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চাকরি স্থায়ী করা হবে।**

১২। **বিশেষ দ্রষ্টব্য** ঃ

ক। সরকারী বিধি অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে ঃ

(১) **আনসার ও ভিডিপি সদস্যদের ক্ষেত্রে** ঃ জেলা কমান্ড্যান্ট/আনসার ভিডিপি একডেমি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সনদপত্র প্রদর্শন করতে হবে।

(২) **মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে** ঃ

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে প্রার্থীদের পিতা/মাতা/পিতামহ/ মাতামহের নামে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের মূলকপি, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী) কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত থাকতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র হলে প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ঔরসজাত পুত্র এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি থাকতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।

(৩) **এতিম সদস্যদের ক্ষেত্রে** ঃ সরকারী ও সরকারী নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয় প্রশংসাপত্র যাতে প্রার্থীর পূর্বতন স্থায়ী ঠিকানা, জন্ম ও এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর এবং জেলা/উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে।

(৪) **উপজাতি/আদিবাসী প্রার্থীদের ক্ষেত্রে** ঃ উপজাতি/আদিবাসী প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

খ। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা কম/বেশী করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

গ। নির্বাচিত ব্যাটালিয়ন সদস্যদের ক্ষেত্রে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিভাগীয় বিধি-বিধান ও নীতিমালা প্রযোজ্য হবে।

ঘ। প্রার্থীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১৩। **সতর্কীকরণ** ঃ

ক। সাহায্য পাওয়ার আশায় কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না। ভর্তির ব্যাপারে অত্র বাহিনীর কোন কর্মকর্তা/কর্মচারীর সংগে ব্যক্তিগতভাবে কেউ যোগাযোগ করলে সেই প্রার্থী তাৎক্ষণিকভাবে অযোগ্য বিবেচিত হবেন।

খ। চাকরি প্রার্থীদের মধ্যে কেহ বয়স, বিবাহ, স্থায়ী ঠিকানা, মামলা সংক্রান্ত বিষয়ে কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার ব্যাটালিয়নে ভর্তি বাতিল বলে বিবেচিত হবে। এমনকি পরবর্তীতেও বর্ণিত কোন অনিয়ম ধরা পড়লে নিয়োগ আদেশ বাতিল হবে।


(হোসনে আরা হাসি)
সহকারী পরিচালক (ব্যাটালিয়ন-রেকর্ড)
ফোন নং-৪৭২১৭২৫৬
ই-মেইল : ddbn@ansarvdp.gov.bd


স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৫.১২.০০৫.১৮-১৫৬; তারিখঃ ০৩ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ

১। সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

(১-৩) সদয় অবগতির জন্য।

৪। কমান্ড্যান্ট
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

৫। উপ-মহাপরিচালক (প্রশাসন, অপারেশনস্ ও প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৬। ডেপুটি কমান্ড্যান্ট
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

৭। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা ও চট্টগ্রাম রেঞ্জ।

৮। পরিচালক (সকল) ....................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

৯। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল রেঞ্জ)
.......................................................................

১০। ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
........... আনসার ব্যাটালিয়ন, ......................................

১১। নির্বাহী প্রকৌশলী, উপ-পরিচালক (চিকিৎসা) ও আইন কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১২। অ্যাডমিনিস্ট্রেটর (আইসিটি)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

(৪-১২) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১৩। উপ-পরিচালক (সকল) ................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

১৪। জেলা কমান্ড্যান্ট (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী .........................

১৫। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ভিটিসি, গাজীপুর/কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা।

(১৩-১৫) সদয় অবগতি ও সকল কার্যালয়ে ব্যাপক প্রচারের জন্য।

১৬। সহকারী পরিচালক (সকল) .............................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৭। বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৮। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

(১৬-১৮) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১৯। অফিস কপি ও মাষ্টার কপি।

সহকারী পরিচালক (ব্যাটালিয়ন-রেকর্ড)